তাগিদপত্র
অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০২.১৭-৮৯২

তারিখঃ ১৬ জুন ২০১৯ খ্রিস্টাব্দ
০২ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়: মন্ত্রণালয়/বিভাগসমূহের শূন্য পদ পূরণে গৃহিত কার্যক্রম সংক্রান্ত সভার কার্যবিবরণীর আলোকে ব্যবস্থা গ্রহণ।

সূত্রঃ (১) প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০০.২৬৯০.০৭১.১৮.০০১.১৮-৮৭১৫, তারিখঃ ১৫/০৫/২০১৯ খ্রিঃ
(২) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০২.১৭-৮৩৭, তারিখঃ ২৬ মে ২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বিদ্যমান শূন্যপদসমূহ দ্রুত পূরণে গৃহিত কার্যক্রম সংক্রান্ত বিষয়ে গত ২৯/০৪/২০১৯ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর ৩নং ক্রমিকে বর্ণিত সিদ্ধান্ত মোতাবেক শূন্য পদের সঠিক সংখ্যা/হালনাগাদ তথ্যসহ চলমান নিয়োগ প্রক্রিয়া কত দিনে শেষ হবে সে বিষয়ে নিজ নিজ দপ্তর/সংস্থাভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক ০৩(তিন) কর্ম দিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা সত্ত্বেও তথ্য প্রদান করা হয়নি।

২। এমতাবস্থায়, যথাসময়ে তথ্য প্রদান না করার কারণ উল্লেখপূর্বক ২নং সূত্রোক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী তথ্য প্রদান করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল।

সংযুক্তি : বর্ণনামতে।

১৬/৬/১৯
(শাহিনা খাতুন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

বিতরণ:
১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা
২। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা
৫। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা

অনুলিপি:
১। পরিচালক-৪, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা
২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
*www.mohfw.gov.bd*

স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০২.১৭-৮৩৭ তারিখঃ ২৬ মে ২০১৯ খ্রিস্টাব্দ
১২ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়: মন্ত্রণালয়/বিভাগসমূহের শূন্য পদ পূরণে গৃহিত কার্যক্রম সংক্রান্ত সভার কার্যবিবরণীর আলোকে ব্যবস্থা গ্রহণ।

সূত্রঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০০.২৬৯০.০৭১.১৮.০০১.১৮-৮৭১৫, তারিখঃ ১৫/০৫/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বিদ্যমান শূন্যপদসমূহ দ্রুত পূরণে গৃহিত কার্যক্রম সংক্রান্ত বিষয়ে গত ২৯/০৪/২০১৯ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সভা অনুষ্ঠিত হয়। সূত্রোক্ত পত্র এবং উক্ত সভার কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হল। প্রেরিত কার্যবিবরণীর ৩নং ক্রমিকে বর্ণিত সিদ্ধান্ত মোতাবেক শূন্য পদের সঠিক সংখ্যা/হালনাগাদ তথ্যসহ চলমান নিয়োগ প্রক্রিয়া কত দিনে শেষ হবে সে বিষয়ে নিজ নিজ দপ্তর/সংস্থাভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক আগামী ০৩(তিন) কর্ম দিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি : বর্ণনামতো।

(শাহিনা খাতুন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
*admin1@hsd.gov.bd*

বিতরণ:

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা
২। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা
৫। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা

অনুলিপি:

১। পরিচালক-৪, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা
২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা [illegible].২৬৯০.০৭১.১৮.০০১.১৮-৮৭(২৫)

তারিখঃ ১ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
১৫ মে ২০১৯ খ্রিঃ

বিষয়ঃ মন্ত্রণালয়/বিভাগসমূহের বিদ্যমান শূন্য পদ পূরণে গৃহিত কার্যক্রম সংক্রান্ত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে গত ২৯ এপ্রিল, ২০১৯ খ্রিঃ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক-১ জনাব মোহাম্মদ সালাহ উদ্দিন-এঁর সভাপতিত্বে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে বিদ্যমান শূণ্য পদ পূরণে গৃহিত কার্যক্রম সংক্রান্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

( গুলশান আরা )
পরিচালক-৪
ফোনঃ +৮৮০-২-৫৫০২৯৪২৪
ইমেইলঃ director4.pmo@gmail.com

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
০৪। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। ভারপ্রাপ্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। পরিচালক-১/২/৩/৪, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
১১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব,প্রধানমন্ত্রীর কার্যালয় ,ঢাকা।
১২। মহাপরিচালক-১ এঁর ব্যক্তিগত কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয় (মহাপরিচালক-১ মহোদয়ের সদয় অবগতির জন্য)

F:\শূণ্যপদ সংক্রান্ত\চিঠি-পত্র.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।

নথি নং- ০৩.০০.২৬৯০.০৭১.১৮.০০১.১৮- তারিখঃ ০৬/০৫/২০১৯ খ্রি

**বিভিন্ন মন্ত্রণালয়ের বিদ্যমান শূন্য পদ ও শূন্যপদ পূরণে গৃহিত কার্যক্রম সংক্রান্ত সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব মোহাম্মদ সালাহ্ উদ্দিন
মহাপরিচালক-১
প্রধানমন্ত্রীর কার্যালয়।

তারিখ : ২৯/০৪/২০১৯ খ্রিঃ

স্থান : অফিস কক্ষ (২য় তলা)
প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা

সময় : সকাল ১০.০০ ঘটিকা

উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বিদ্যমান শূন্যপদসমূহ দ্রুত পূরণে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের প্রতিনিধিদের নিয়ে এ কার্যালয়ে শূন্যপদ পূরণের বিষয়ে ইতোপূর্বে একাধিক সভা অনুষ্ঠিত হয়েছে। সভাপতির অনুমতিক্রমে সভায় বিদ্যমান শূন্যপদসমূহ পূরণের অগ্রগতি এবং মন্ত্রণালয় ও বিভাগসমূহের এ সংক্রান্ত কার্যক্রম নিয়ে একটি Power Point উপস্থাপন করা হয়। শূন্যপদসমূহ পূরণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহিত কার্যক্রম ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

| ক্রম | মন্ত্রণালয়/ বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | জনপ্রশাসন মন্ত্রণালয় | জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৬৩ টি পদে, লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২৭ টি পদে এবং কর্মচারী হাসপাতালের ২৮টি পদে জনবল নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। যানবাহন অধিদপ্তরের নিয়োগবিধি বাতিল হয়ে যাওয়ায় এবং মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরে কর্মচারী নিয়োগের বিরুদ্ধে মামলা থাকায় নিয়োগ প্রক্রিয়া বন্ধ রয়েছে। কর্মচারী কল্যাণ বোর্ডের ৪১ টি পদের বিপরীতে ১৯টি পদে ছাড়পত্র দেয়া হয়েছে এবং আউট সোর্সিং এর মাধ্যমে ২৬টি পদে নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। | ক) চলমান নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।<br>খ) মামলাজনিত কারণে ও নিয়োগবিধি বাতিল হওয়ার দরুন যে সকল দপ্তরে নিয়োগ প্রক্রিয়া বন্ধ রয়েছে তার জন্য দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জনপ্রশাসন মন্ত্রণালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | শিল্প মন্ত্রণালয় | এ মন্ত্রণালেয়ের ২৯ টি পদে নিয়োগ সম্পন্ন হয়েছে। ৩০ টি পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। বিসিআইসি'র ৪৯৯ টি শূন্য পদের বিপরীতে ৭১ টি পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। বিএসটিআই'র ১৬৮টি শূন্য পদের বিপরীতে ৭৭টি পদের ছাড়পত্র দেয়া হয়েছে এবং বিটাকের ৫৪টি পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। | নিয়োগ প্রক্রিয়ার সংস্থা ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে। | শিল্প মন্ত্রনালয় |
| ০৩ | স্বাস্থ্য সেবা বিভাগ | স্বাস্থ্য অধিদপ্তরের মোট ১৬০০০ টি শূন্য পদের বিপরীতে ৩৮ তম বিসিএস-এ ২৯০ জন, ৩৯তম বিসিএস-এর মাধ্যমে ৫০০০ জন ডাক্তার এবং জেলা পর্যায়ে চতুর্থশ্রেণির ৯০০ টি পদে আউট সোর্সিংসহ মোট ৭০০০ টি শূণ্য পদে জনবল নিয়োগের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য অধিদপ্তরের উপস্থিত প্রতিনিধিগণের উপস্থাপিত তথ্যের গড়মিল থাকায় মন্ত্রণালয়ের সাথে অধিদপ্তরের সমন্বয় প্রয়োজন। | ক) স্বাস্থ্য সেবা বিভাগ স্বাস্থ্য অধিদপ্তরের সাথে সমন্বয়পূর্বক শূন্য পদের সঠিক সংখ্যা/ হালনাগাদ তথ্য আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করবে।<br><br>খ) চলমান নিয়োগ প্রক্রিয়া কত দিনে শেষ হবে সে বিষয়ে দপ্তর/সংস্থা ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ |
| ০৪ | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের কম্পিউটার পারসোনেল নিয়োগ বিধি সংক্রান্ত জটিলতার কারণে এ পদে নিয়োগ বন্ধ রয়েছে। নিপোর্টের ১ম শ্রেনীর ১৮টি পদে নিয়োগের সুপারিশ প্রদানের জন্য পিএসসি'কে অনুরোধ জানানো হয়েছে। ৩য় শ্রেণির ৪২টি পদে ছাড়পত্র পাওয়া গেছে। শীঘ্রই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। এছাড়াও ১৫০ টি পদে নিয়োগপত্র দেয়া হয়েছে এবং ৬৬টি আউট সোর্সিং পদে নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ক্যাডার ও নন-ক্যাডার কর্মকর্তাদের মধ্যে মামলাজনিত কারণে এবং অধিদপ্তরে নিয়োগবিধি না থাকায় প্রায় ১০৪৩টি পদে নিয়োগ প্রদান সম্ভব হচ্ছে না। নিয়োগবিধি চূড়ান্ত করার জন্য ৩ মাস আগে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | ক) চলমান নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>খ)মামলা নিষ্পত্তির বিষয়ে কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে সেটি জরুরীভিত্তিতে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>গ) নিয়োগবিধি প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ |
| ০৫ | সমাজ কল্যাণ মন্ত্রণালয় | এ মন্ত্রণালয়ের ১৩ টি পদের নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। অধিদপ্তরের ১ম শ্রেণির ১৫০ টি এবং ২য় শ্রেণির ২১০ টি পদে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। সমাজসেবা অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণির ৯৬১ | মন্ত্রণালয়ের এবং অধিদপ্তরের নিয়োগ সংক্রান্ত কর্মপরিকল্পনা আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করবে। | সমাজ কল্যাণ মন্ত্রণালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| | | টি শূন্য পদের মধ্যে ২৯৫ টি পদে নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। সহকারী সমাজসেবা অফিসারের ১২৮ টি পদ নিয়োগবিধিতে না থাকায় নিয়োগবিধি সংশোধন করার জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। গত ০৯ এপ্রিল, ২০১৯ প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে আলোচনা ও সিদ্ধান্ত হয়েছে। শীঘ্রই নিয়োগবিধিটি অনুমোদনের জন্য পিএসসিতে প্রেরণ করা হবে। সরকারী প্রতিবন্ধী সংস্থার ১২৭টি পদে নিয়োগ বিজ্ঞপ্তি মে,২০১৯ মাসে প্রকাশের ব্যবস্থা নেয়া হয়েছে। | | |
| ০৬ | কৃষি মন্ত্রণালয় | কৃষি মন্ত্রণালয়ের ৪৬টি পদে জুন, ২০১৯ মাসের মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হবে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ৬৯৯৪টি শূন্য পদের বিপরীতে ২২৬০ পদে জুন,২০১৯ মাসের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন হবে মর্মে সভায় জানানো হয়। কৃষি উন্নয়ন কর্পোরেশনের প্রবিধিমালায় ১ম-২য় শ্রেণির পদে শিক্ষাগত যোগ্যতার জটিলতা থাকায় এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিয়োগবিধি নিয়ে মামলা চলমান থাকায় নিয়োগ প্রক্রিয়া বাঁধাগ্রস্থ হচ্ছে। | নিয়োগ/পদোন্নতির বিষয়ে কোন মামলা থাকলে মামলা নিষ্পত্তির বিষয়ে কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে সে সংক্রান্ত তথ্য আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে। | কৃষি মন্ত্রনালয় |
| ০৭ | ভূমি মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তরের ৭০টি পদে আগামী ৬ মাসের মধ্যে নিয়োগ প্রক্রিয়া শেষ হবে। ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ৪৯২৯টি পদের নিয়োগবিধি প্রণয়ন করা হয়েছে যা বর্তমানে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদনের অপেক্ষায় রয়েছে।<br>মাঠ পর্যায়ের কানুনগো, সার্ভেয়ার, সহকারী ভূমি কর্মকর্তা ইত্যাদি প্রায় ৯১১২ টি শূন্য পদের মধ্যে ৪০০০টি পদে নিয়োগ দেয়া যাবে। মামলা জনিতকারণে অনেক পদে নিয়োগ দেয়া সম্ভব হচ্ছে না। | নিয়োগ/পদোন্নতি সংক্রান্ত চলমান মামলা নিষ্পত্তির বিষয়ে কি প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে সে সংক্রান্ত তথ্য আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ভূমি মন্ত্রণালয় |
| ০৮। | খাদ্য মন্ত্রণালয় | খাদ্য মন্ত্রণালয়ের ১ম শ্রেণির ১৭টি পদের মধ্যে ৩টি পদে এবং ২য় শ্রেণির ১৪টি শূন্য পদের মধ্যে ১০টি পদে পদোন্নতি প্রদানের ক্ষেত্রে ফিডার পদধারী নেই। ৩য় শ্রেণির ১৭টি শূন্য পদে নিয়োগ বিজ্ঞপ্তি দ্রুত প্রকাশ করা হবে। প্রথম শ্রেণির ৫২জন কে নিয়োগের জন্য পিএসসি সুপারিশ করেছে এবং আরো ৩৭টি পদে সুপারিশ পেন্ডিং রয়েছে।<br>নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর ১ম শ্রেণির ১০২ টি ও ৩য় শ্রেণির ১১৪টি পদে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। আগামী মাসে | ক) মন্ত্রণালয় এবং অধিদপ্তরে পদোন্নতির মাধ্যমে এবং সরাসরি পূরণযোগ্য বিদ্যমান শূন্য পদসমূহ পৃথকভাবে দেখানো যেতে পারে।<br>খ)নিয়োগ/পদোন্নতির বিষয়ে কোন মামলা থাকলে মামলা নিষ্পত্তির বিষয়ে কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে। | খাদ্য মন্ত্রণালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| | | লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।<br>খাদ্য অধিদপ্তরের ১৩৬৭৬ টি পদের মধ্যে ৪৮২৬ টি পদ শূন্য রয়েছে। বিদ্যমান শূন্য পদের মধ্যে ১৮৭৪ টি পদের কোন কার্যক্রম বর্তমানে না থাকায় এগুলো অর্গানোগ্রাম থেকে বাদ দেয়ায় বিষয়টি বিবেচনা করা যায়।<br>বর্তমানে ৩য় শ্রেণির ১১৬৬টি পদের ছাড়পত্র পাওয়া গেছে এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে ১৩ লক্ষাধিক আবেদন পাওয়া গেছে। এ সকল আবেদন প্রক্রিয়াজাত করতে ২৮ কোটি টাকার চাহিদাপত্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে যা বর্তমানে সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদনের অপেক্ষায় রয়েছে। অবশিষ্ট ৮৭৯ টি পদে পদোন্নতি প্রদানের ক্ষেত্রে যোগ্য প্রার্থী নেই। ৯০৭ টি পদ পদোন্নতিজনিত কারণে শূন্য হয়েছে। | গ) বিদ্যমান নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার বিষয়ে একটি কর্মপরিকল্পনা তৈরি করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে। | |
| ০৯ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | মন্ত্রণালয়ের ৫১টি শূন্য পদের মধ্যে ১১টি প্রথম শ্রেণির পদ যা পূরণের জন্য গত ৫/১০/১৮ তারিখে এবং ৪টি পদের জন্য গত ১২/০৬/১৭ তারিখে পিএসসিতে চাহিদাপত্র প্রেরণ করা হয়েছে। ৩য় শ্রেণির ২৭টি পদের বিপরীতে ১৪টি পদে নিয়োগের সুপারিশ করা হয়েছে যা মে'২০১৯ মাসের মধ্যে সম্পন্ন হবে।<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার-অপারেটর, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার-অপারেটর ইত্যাদি পদে পরীক্ষা নেয়ার ক্ষেত্রে পরীক্ষক না পাওয়ায় সঠিকভাবে পরীক্ষা নেয়া সম্ভব হয় না। এ সকল পদে সাঁটলিপি/শর্টহ্যান্ড বিষয়ক পরীক্ষা বাদ দেয়া যায় কিনা সে বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধির মতামত আশা করেন।<br>দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে ৩য় ও ৪র্থ শ্রেণির ৭৮৬টি পদের বিপরীতে ৪৮৬ টি পদের নিয়োগবিধি প্রণয়নপূর্বক অনুমোদনের জন্য ফেব্রুয়ারি, ২০১৯ মাসে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ দপ্তরে ১৭৯ টি শূন্য পদে নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। | ক) চলমান নিয়োগ কার্যক্রম সংক্রান্ত একটি কর্মপরিকল্পনা তৈরি করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>খ) নিয়োগ/পদোন্নতির বিষয়ে কোন মামলা থাকলে মামলা নিষ্পত্তির বিষয়ে কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তার হালনাগাদ তথ্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>গ) নিয়োগবিধি প্রণয়নের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০৫/২০১৯

(মোহাম্মদ সালাহ উদ্দিন)
মহাপরিচালক-১
প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।